ইত্তেফাক

তারিখ ২২।৫।৮২
পৃষ্ঠা

436

037

# এইচএসসি পরীক্ষা আজ শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বৃহস্পতিবার) হইতে দেশের চারটি শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষা শুরু হইতেছে। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য সকল স্থানে প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হইয়াছে।

ঢাকা বোর্ডের আওতাধীন মোট ৭১টি পরীক্ষা কেন্দ্র হইতে ৩৯ হাজার ৮ শত ৭৮ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করিবে।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিদেশের ত্রিপলী, লণ্ডন ও জেদ্দায় উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

ঢাকা মহানগরীতে ২০টি উপকেন্দ্রে ১২ হাজার ১ শত ২৪ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ গ্রহণ করিবে।

ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা এবং পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের জন্য প্রত্যেক জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসককে আহ্বায়ক করিয়া ৫ সদস্য বিশিষ্ট ভিজিলেন্স কমিটি গঠন করা হইয়াছে।

কুমিল্লায় এবার পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ১০০। মোট ছাত্রছাত্রী পরীক্ষা দিতেছে ৩০,৪৮৭ জন। প্রতিটি জেলায় প্রশাসনিক ব্যবস্থা ছাড়াও কেন্দ্রগুলিতে বিভিন্ন কলেজের অধ্যাপক এবং বোর্ড অফিসারদের সমন্বয়ে বিশেষ পরিদর্শন ব্যবস্থা গৃহীত হইয়াছে।

যশোর বোর্ডে ৮৩টি কেন্দ্রে ২৮,৫৪১ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিতেছে (খবর গতকাল ইত্তেফাকে প্রকাশিত)।

রাজশাহী বোর্ডেও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য যথাযোগ্য ব্যবস্থা গৃহীত হইয়াছে।